বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন(বিএমএ)
BANGLADESH MEDICAL ASSOCIATION(BMA)

BMA BHABAN, 15/2 TOPKHANA ROAD, DHAKA-1000, BANGLADESH, Phone : +88-02-9568714, 9562527
FAX : +88-02-9566060, E-mail: bma.org.bd@gmail.com, Web: www.bma.org.bd

বিএমএ অডিটোরিয়াম ভাড়া বরাদ্দের শর্তাদি ও নিয়মাবলী

বিএমএ অডিটোরিয়ামের সুবিধা সমুহঃ

- ৫২৩ আসন বিশিষ্ট সম্পূর্ণ শীতাতপ নিয়ন্ত্রিত দ্বি-তল অডিটোরিয়াম ও সুপরিসর পার্কিং ব্যবস্থা।
- সুপরিসর মঞ্চ, মঞ্চে ২টি গ্রিন রুম, ২টি ওয়াশরুম, মঞ্চে পোডিয়াম-১টি, টেবিল-৪টি, চেয়ার-১০টি, ব্যানার স্টান্ড (৫ ফুট -১০ফুট)।
- ৩০০ কেভিএ স্ট্যান্ডবাই জেনারেটর, ২ পেয়ার ডিজিটাল সাউন্ড সিস্টেম, পর্যাপ্ত আলোক সজ্জা, সার্বক্ষণিক শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা।

ভাড়ার হার (প্রতি শিফট)ঃ

শিফট	সময়কাল	ভাড়ার পরিমাণ (টাকায়)	ভ্যাট ১৫% (টাকায়)	সার্ভিস চার্জ ৫% (টাকায়)	সর্ব মোট ভাড়ার পরিমাণ (টাকায়)
ক	খ	গ	ঘ	ঙ	চ (গ+ঘ+ঙ)
পূর্ণ দিবস	সকাল-০৯:০০টা থেকে রাত্র -০৯:০০টা পর্যন্ত	৩৭,৫০০.০০	৫,৬২৫.০০	১,৮৭৫.০০	৪৫,০০০.০০
অর্ধ দিবস (পূর্বাহ্ন)	সকাল-০৯:০০টা থেকে দুপুর -০২:০০টা পর্যন্ত	২৫,০০০.০০	৩,৭৫০.০০	১,২৫০.০০	৩০,০০০.০০
অর্ধ দিবস (অপরাহ্ন)	দুপুর-০৩:০০টা থেকে রাত্র -০৯:০০টা পর্যন্ত	২৬,৬৬৭.০০	৪,০০০.০০	১,৩৩৩.০০	৩২,০০০.০০

ভাড়া গ্রহনের শর্তাদি ও নিয়মাবলীঃ

০১। অডিটোরিয়াম ভাড়া প্রত্যাশীকে অনুষ্ঠান আয়োজনের কমপক্ষে ১৫ (পনের) দিন পূর্বে নিজ প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, টেলিফোন ও ফ্যাক্স নম্বর সম্বলিত লেটার হেড প্যাডে **"মহাসচিব, বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন, ১৫/২ তোপখানা রোড, ঢাকা-১০০০"** বরাবরে আবেদন করতে হবে। আবেদনপত্রে অনুষ্ঠানের তারিখ, সময় (উপরোক্ত শিফট অনুযায়ী), অনুষ্ঠানের ধরন, অনুষ্ঠানের প্রধান অতিথি/অতিথির নাম, পদবী ও প্রতিষ্ঠান/সংস্থা ইত্যাদি উল্লেখ করতে হবে।

০২। বিএমএ কর্তৃপক্ষ ভাড়া প্রত্যাশীর অনুকূলে অডিটোরিয়াম বরাদ্দের নীতিগত সিদ্ধান্ড় দানের সর্বোচ্চ ৩(তিন) দিনের মধ্যে জামানত বাবদ ১০,০০০.০০ (দশ হাজার) টাকা এবং ভাড়ার সমুদয় অর্থ নগদ বিএমএ হিসাবরক্ষকের নিকট জমা দিয়ে রশিদ গ্রহণ করবেন, অন্যথায় ভাড়ার আবেদন বাতিল বলে গণ্য হবে। **নির্ধারিত শিফটের অতিরিক্ত সময় অডিটোরিয়াম ব্যবহার করলে অতিরিক্ত প্রতি ঘন্টা বা ঘন্টার অংশ বিশেষের জন্য ভাড়ার ১০% হারে অতিরিক্ত চার্জ প্রযোজ্য হবে।**

০৩। সন্ডেষজনকভাবে অনুষ্ঠান সমাপ্তির পর জামানতের অর্থ ফেরত প্রদান করা হবে (ভাড়া গ্রহণের জন্য যিনি যে প্যাডে আবেদন করেছিলেন, জামানত ফেরত নেওয়ার জন্য একই প্যাডে একই ব্যক্তিকে আবেদন করতে হবে), তবে অডিটোরিয়াম ব্যবহারকালে অডিটোরিয়ামের কোনরুপ ক্ষতি সাধন করলে বা নির্ধারিত সময়ের অতিরিক্ত সময় অডিটোরিয়াম ব্যবহার করলে ক্ষতিপূরণ বা অতিরিক্ত সময়ের চার্জ বাবদ জামানত থেকে কর্তন করা হবে।

০৪। ভাড়া গ্রহীতা কর্তৃক কোন কারণে অনুষ্ঠানের বুকিং বাতিল করলে সেক্ষেত্রে অনুষ্ঠানের ৭ (সাত) দিন পূর্বে ২০%, ৭২ ঘন্টা পূর্বে ৪০% এবং ৪৮ ঘন্টার কম সময়ের মধ্যে বুকিং বাতিল করলে ৫০% অর্থ ভাড়া থেকে কর্তন করা হবে।

০৫। ভাড়া গ্রহীতা কর্তৃক অডিটোরিয়াম প্রাঙ্গন, সরঞ্জামাদি, বিভিন্ন ফিটিংস ও স্থাপনার কোনরুপ ক্ষতি সাধিত হলে ভাড়াগ্রহীতা তার ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবেন । এ ক্ষেত্রে অডিটোরিয়াম কর্তৃপক্ষের সিদ্ধান্ডই চুড়ান্ত বলে বিবেচিত হবে।

০৬। যে কোন জরুরী প্রয়োজনে বিএমএ কর্তৃপক্ষের নিজস্ব কাজে বরাদ্দকৃত অডিটোরিয়াম ব্যবহারের প্রয়োজন হলে অথবা রাষ্ট্রীয় অনুষ্ঠানের প্রয়োজনে বা রাষ্ট্রীয় যে কোন কারনে অনুষ্ঠানের ২৪ ঘন্টা পূর্বে যে কোন বরাদ্দ বাতিল করার এখতিয়ার বিএমএ কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। এ ক্ষেত্রে বরাদ্দ গ্রহীতার জমাকৃত সমুদয় অর্থ ফেরত বা পরবর্তী সুবিধামত সময়ে অনুষ্ঠান করলে জমাকৃত অর্থ সমন্বয় করা হবে।

০৭। দৈব দূর্বিপাকে বা প্রাকৃতিক দূর্যোগের কারণে বা বিএমএ কর্তৃপক্ষের নিয়ন্ত্রণ বহির্ভূত কোন কারণে যদি ভাড়া গ্রহীতা অনুষ্ঠান করতে না পারেন; সে ক্ষেত্রে বরাদ্দ গ্রহীতার জমাকৃত সমুদয় অর্থ ফেরত বা পরবর্তী সুবিধামত সময়ে অনুষ্ঠান করলে জমাকৃত অর্থ ভাড়ার সাথে সমন্বয় করা হবে।

BMA BHABAN, 15/2 TOPKHANA ROAD, DHAKA-1000, BANGLADESH, Phone : +88-02-9568714, 9562527

FAX : +88-02-9566060, E-mail: bma.org.bd@gmail.com, Web: www.bma.org.bd

০৮। যে উদ্দেশ্যে অডিটোরিয়াম ভাড়া নেয়া হবে সেই উদ্দেশ্যেই অডিটোরিয়াম ব্যবহার করতে হবে। কোন ধরনের রাজনৈতিক ও রাষ্ট্রবিরোধী বা আইন শৃঙ্খলার অবনতি হওয়ার সম্ভাবনা থাকে এমন কোন সভা-সমাবেশের জন্য অডিটোরিয়াম ভাড়া দেওয়া হবে না। এছাড়া রাষ্ট্রীয় কোন সংস্থা কর্তৃক নিষিদ্ধ কোন সংগঠনের অনুকূলে কোন ধরনের অনুষ্ঠানের জন্য অডিটোরিয়াম ভাড়া দেওয়া হবে না।

০৯। অনুষ্ঠান চলাকালীন অনুষ্ঠানস্থলের ও অডিটোরিয়াম প্রাঙ্গনের শান্তি-শৃঙ্খলা বজায় রাখার দায়িত্ব ভাড়া গ্রহীতার। অনুষ্ঠান আয়োজনে সরকারী কোন সংস্থার অনুমতির প্রয়োজন হলে ভাড়া গ্রহীতাকেই সেই অনুমতি গ্রহণ করতে হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতি না নিয়ে কোন অনুষ্ঠান আয়োজন করে অনুষ্ঠান না করতে পারলে বিএমএ কর্তৃপক্ষ দায়ী থাকবে না এবং এক্ষেত্রে ভাড়া গ্রহীতা অনুষ্ঠান করেছেন বলে গণ্য হবে।

১০। অডিটোরিয়ামের অভ্যন্তরে সকল প্রকার খাবার, পানীয় ও ধূমপান সম্পূর্ণ নিষিদ্ধ। অডিটোরিয়াম ব্যবহারকারী অনুষ্ঠান শুরুর প্রাক্কালে ও অনুষ্ঠান চলাকালীন মাঝে মাঝে এ বিষয়ে প্রচারণা চালাবেন।

১১। কোন ধরনের লোহার পায়া বা পেরেকযুক্ত কোন আসবাব ব্যবহার করা যাবে না। বিবাহ-গায়ে হলুদ-সুন্নতে খাৎনা-জন্মদিন-মেজবান, ব্যান্ড সঙ্গীত, টিকেটের বিনিময়ে কোন শো বা কনসার্ট আয়োজনের উদ্দেশ্যে অডিটোরিয়াম বরাদ্দ দেওয়া হবে না।

১২। অনুষ্ঠানে আগত অতিথিদের গাড়ী পার্কিং এর জন্য কেবলমাত্র অডিটোরিয়ামের নিচের অংশের পার্কিং (ভবনের নিচ তলার পূর্ব অংশ) এরিয়া ব্যবহার করা যাবে। নির্দ্দিষ্ট আসনের অতিরিক্ত লোক-সমাগম করা যাবে না। অনুষ্ঠানে আগত অতিথিরা কেবলমাত্র অডিটোরিয়ামের অভ্যন্তরে নির্ধারিত আসনে আসন গ্রহণ করবেন, যত্র তত্র ঘোরা ফেরা বা পার্কিং এরিয়া ও রাস্তায় জড়ো হবেন না। অডিটোরিয়ামের প্রবেশ পথে অনুষ্ঠানের দিক নির্দেশনা বা পরিচিতি মূলক ব্যানার / ফেস্টুন ব্যতীত অন্য কোন ছবি/ব্যানার/ফেস্টুন প্রদর্শন করা যাবে না।

সার্বিক যোগাযোগের জন্যঃ ফোন +৮৮-০২-৯৫৬৮৭১৪

ই-মেইল: bma.org.bd@gmail.com